| নীতিমালার শিরোনাম<br>**মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | নীতিমালার নম্বর<br>**NATL.CB.307** |
|---|---|
| জবাবদিহিতা সম্পর্কিত বিভাগ<br>**ন্যাশনাল কমিউনিটি হেলথ** | কার্যকর হওয়ার তারিখ<br>**জানুয়ারি 1, 2024** |
| নথির স্বত্বাধিকারী<br>**ডিরেক্টর, মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | পৃষ্ঠা<br>**39 এর 1** |

## 1.0 নীতিমালা বিষয়ক বিবৃতি

ঝুঁকিপূর্ণ জনসংখ্যার পরিচর্যার অ্যাক্সেস ব্যবস্থাকে সহজতর করে এমন প্রোগ্রামগুলো সরবরাহের জন্য Kaiser Foundation Health Plans (KFHP) এবং Kaiser Foundation Hospitals (KFH) প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রতিশ্রুতিতে জরুরি এবং চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিচর্যায় অ্যাক্সেসের ক্ষেত্রে পরিষেবার জন্য অর্থ প্রদানের সক্ষমতা যখন বাধা হয়ে দাঁড়ায় ঠিক তখন যোগ্য স্বল্প আয়ের বিমাহীন এবং কম মূল্যের বিমাকৃত রোগীদের আর্থিক সহায়তা প্রদান করার বিষয়টি এতে অন্তর্ভুক্ত।

## 2.0 উদ্দেশ্য

এই নীতিমালাটি Medical Financial Assistance (MFA) প্রোগ্রামের মাধ্যমে জরুরি এবং চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবাগুলোর জন্য যোগ্যতা অর্জন এবং আর্থিক সহায়তা পাওয়ার শর্তাবলী বর্ণনা করে। প্রয়োজনীয়তাগুলি ইউনাইটেড স্টেটসের অভ্যন্তরীণ ইন্টার্নাল রেভেনিউ কোডের সেকশন 501(r) এবং উপযুক্ত সার্ভিসের ক্ষেত্রে প্রযোজ্য স্টেট রেগুলেশন মেনে চলে যা কিভাবে কোড অ্যাক্সেস করতে হয়, প্রোগ্রামের যোগ্যতার মানদণ্ড, MFA অ্যাওয়ার্ডের স্ট্রাকচার, অ্যাওয়ার্ডের অর্থরাশি হিসাব করার ভিত্তি এবং মেডিকেল বিল পেমেন্ট না করার ক্ষেত্রে অনুমোদনযোগ্য পদক্ষেপগুলি মোকাবিলা করে।

## 3.0 ক্ষেত্র

এই নীতিমালা এমন কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য যারা নিম্নোক্ত সত্তা এবং তাদের অধীনস্থগণ কর্তৃক নিযুক্ত (যৌথভাবে “KFHP/H” নামে পরিচিত):

**3.1** Kaiser Foundation Health Plan, Inc. (KFHP);

**3.2** Kaiser Foundation Hospitals (KFH) এবং

**3.3** KFHP/H অধীনস্থগণ।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**3.4** এই নীতিমালাটি Kaiser Foundation Hospitals এবং হাসপাতাল-অধিভুক্ত ক্লিনিকগুলোর ক্ষেত্রে প্রযোজ্য যা *Kaiser Permanente Regions এর সংযোজন (অ্যাডেন্ডা), সংযুক্তি 1-8* এ তালিকাভুক্ত।

## 4.0 সংজ্ঞা

*পরিশিষ্ট A – শব্দের অভিধান* দেখুন।

## 5.0 প্রবিধান

KFHP/H রোগীর বয়স, প্রতিবন্ধকতা, লিঙ্গ পরিচয়, বর্ণ, ধর্মীয় দৃষ্টিভঙ্গী বা অভিবাসন অবস্থা, যৌন প্রবণতা, জাতিগত উৎস এবং রোগীর হেলথ কভারেজ আছে কিনা তা ব্যতিরেকে যোগ্য রোগীদের জন্য জরুরি এবং চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিচর্যা পাওয়ার ক্ষেত্রে আর্থিক প্রতিবন্ধকতাগুলো প্রশমিত করার লক্ষ্যে একটি কার্যকরী MFA প্রোগ্রাম পরিচালনা করে।

### 5.1 MFA নীতিমালার অধীনে যোগ্য এবং যোগ্য নয় এমন পরিষেবাসমূহ

**5.1.1 যোগ্য পরিষেবাসমূহ।** MFA কিছু নির্দিষ্ট (1) চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হেলথ কেয়ার পরিষেবায় প্রযোজ্য হতে পারে, যার মধ্যে রয়েছে জরুরি পরিচর্যা; (2) ফার্মেসি পরিষেবা ও পণ্য এবং (3) KFHP/H-এ আউটপেশেন্ট রোগীদের ডাকযোগে অর্ডার এবং স্পেশালিটি ফার্মেসি অথবা KP প্রোভাইডারদের মাধ্যমে নীচে বর্ণিত অনুযায়ী Kaiser Permanente (KP) ফ্যাসিলিটি (যেমন-হাসপাতাল, হাসপাতাল-অধিভুক্ত ক্লিনিক, মেডিকেল সেন্টার এবং মেডিকেল অফিসের ভবন)-তে মেডিকেল সাপ্লাইজ সরবরাহ করা:

**5.1.1.1 চিকিৎসাগতভাবে জরুরি পরিষেবাসমূহ।** KP প্রোভাইডার কর্তৃক নির্দেশিত বা প্রদত্ত পরিচর্যা, চিকিৎসা বা পরিষেবাসমূহ যা কোনো চিকিৎসা অবস্থার প্রতিরোধ, মূল্যায়ন, রোগ নির্ণয় বা চিকিৎসার

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

ক্ষেত্রে প্রয়োজন এবং মূলত রোগী বা চিকিৎসা পরিচর্যা প্রদানকারীর সুবিধার জন্য নয়

**5.1.1.2 প্রেসক্রিপশন ও ফার্মেসি সাপ্লাইজ।** KFHP/H ফার্মেসিতে উপস্থাপিত এবং তা KP প্রোভাইডার ও চুক্তিবদ্ধ প্রোভাইডার, KP বহির্ভূত জরুরি বিভাগ এবং আর্জেন্ট কেয়ার প্রোভাইডার, ডক্টরস অব মেডিসিন ইন ডেন্টিস্ট্রি (DMD) এবং ডক্টরস অব ডেন্টাল সার্জারি (DDS) কর্তৃক লিখিত।

**5.1.1.2.1 জেনেরিক ওষুধপত্র।** যখনই সম্ভব তখনই জেনেরিক ওষুধপত্রের ব্যবহার সুপারিশ করা হয়।

**5.1.1.2.2 ব্র্যান্ডের ওষুধপত্র।** KP প্রোভাইডারগণ কর্তৃক সুপারিশকৃত ব্র্যান্ড নামের ওষুধগুলো যে ক্ষেত্রে গ্রহণযোগ্য হয়:

**5.1.1.2.2.1** প্রেসক্রিপশনে "লেখা অনুযায়ী প্রদান করুন" (Dispense as Written, DAW) উল্লেখ করা হয়েছে নতুবা

**5.1.1.2.2.2** জেনেরিক সমতুল্য কিছু পাওয়া যাচ্ছে না।

**5.1.1.2.3 ওভার-দ্য-কাউন্টার ওষুধ বা ফার্মেসি সাপ্লাইজ।** এই পণ্যগুলো গ্রহণযোগ্য হয় যখন:

**5.1.1.2.3.1** একজন KP প্রোভাইডার প্রেসক্রিপশন বা অর্ডার লিখেছেন;

**5.1.1.2.3.2** আইটেমটি কোনো KP ফার্মেসি থেকে সরবরাহ করা হয় এবং

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.1.2.3.3** আইটেমটি KP ফার্মেসিতে নিয়মিতভাবে পাওয়া যায়।

**5.1.1.2.4 Medicare সুবিধাভোগী।** ফার্মেসি সংশ্লিষ্ট ছাড়ের ফর্মে Medicare পার্ট D-এর অধীনে অন্তর্ভুক্ত প্রেসক্রিপশন ওষুধের জন্য Medicare সুবিধাভোগী হিসেবে আবেদন করা হয়েছে।

**5.1.1.2.5 দাঁতের ওষুধসমূহ।** DMD বা DDS কর্তৃক সুপারিশকৃত বহির্বিভাগের ওষুধপত্র গ্রহণযোগ্য হয়ে থাকে যদি ওষুধগুলো দাঁতের পরিষেবাগুলোর চিকিৎসার জন্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হয়।

**5.1.1.3 টেকসই চিকিৎসা সংক্রান্ত সরঞ্জাম (Durable Medical Equipment, DME)।** KP ফ্যাসিলিটি থেকে প্রযোজ্য DME নিয়মিত বিদ্যমান সরঞ্জামগুলোর মধ্যে সীমাবদ্ধ এবং KFHP/H কর্তৃক এমন রোগীকে সরবরাহ করা হয় যারা চিকিৎসাগত শর্তাবলীর মানদণ্ড পূরণ করে। DME নির্দেশিকা অনুযায়ী KP প্রোভাইডার কর্তৃক DME অর্ডার করতে হবে।

**5.1.1.4 Medicaid প্রত্যাখ্যাত পরিষেবাসমূহ।** মেডিকেল পরিষেবা, প্রেসক্রিপশন, ফার্মেসি সাপ্লাইজ এবং DME যেগুলো স্টেট Medicaid প্রোগ্রামের আওতায় পড়ে না কিন্তু চিকিৎসার ক্ষেত্রে প্রয়োজনীয় এবং KP প্রোভাইডার কর্তৃক অর্ডার (যেমন-নবজাতকের খৎনা, হার্নিয়া সংশ্লিষ্ট পরিষেবা, ফার্মাসিউটিক্যাল কম্পাউন্টস, নিরাময়মূলক চিকিৎসার ওষুধপত্র ইত্যাদি) করা হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.1.5 স্বাস্থ্য শিক্ষা বিষয়ক ক্লাস।** KP কর্তৃক নির্ধারিত এবং পরিচালিত বর্তমান ক্লাস যা রোগীর যত্ন বিষয়ক পরিকল্পনার অংশ হিসেবে একজন KP প্রোভাইডার কর্তৃক সুপারিশ করা হয়।

**5.1.1.6 ব্যতিক্রম ভিত্তিতে পরিষেবাসমূহ পাওয়া যাবে।** কিছু ব্যতিক্রমী ক্ষেত্রে, MFA প্রয়োগ করা যেতে পারে এমন একটি হাসপাতাল থেকে ইনপেশেন্ট ডিসচার্জ সংশ্লিষ্ট সুবিধার জন্য প্রয়োজনীয় পরিষেবা এবং সাপ্লাইজের জন্য যা নীচে ব্যাখ্যা করা অনেক বেশি চিকিৎসা ব্যয়ের যোগ্যতার মানদণ্ড পূরণ করে, এক্ষেত্রে বিভাগ 5.6.2 দেখুন। রোগী যদি মানদণ্ড পূরণ করে তাহলে কভার করা পরিষেবাগুলোর মধ্যে প্রশিক্ষিত নার্সিং, ইন্টারমিডিয়েট কেয়ার এবং KP-বহির্ভূত ফ্যাসিলিটিতে প্রদত্ত কাস্টোডিয়াল পরিষেবা অন্তর্ভুক্ত থাকতে পারে। সাপ্লাইজের মধ্যে KP প্রোভাইডার কর্তৃক নির্ধারিত বা অর্ডার করা DME অন্তর্ভুক্ত থাকতে পারে এবং নীচে বর্ণিত চুক্তিবদ্ধ/বিক্রেতার মাধ্যমে সরবরাহ করা হতে পারে।

**5.1.1.6.1 প্রশিক্ষিত নার্সিং পরিষেবা, ইন্টারমিডিয়েট কেয়ার এবং কাস্টোডিয়াল পরিষেবা।** হাসপাতাল থেকে ইনপেশেন্ট ডিসচার্জ সহজ করার জন্য সুপারিশকৃত চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন রোগীকে এটি একটি চুক্তিবদ্ধ KP ফ্যাসিলিটি কর্তৃক প্রদান করা হয়।

**5.1.1.6.2 টেকসই চিকিৎসা সংক্রান্ত সরঞ্জাম (Durable Medical Equipment, DME)।** DME নির্দেশিকা অনুসারে KP প্রোভাইডার কর্তৃক বিক্রেতার মাধ্যমে সরবরাহকৃত DME অর্ডার করা হয় এবং KFHP/H DME বিভাগের মাধ্যমে চুক্তিবদ্ধ বিক্রেতা সরবরাহ করে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.2 যোগ্য নয় এমন পরিষেবাসমূহ।** MFA যেসব ক্ষেত্রে প্রযোজ্য হবে না:

**5.1.2.1 যেসব পরিষেবা KP প্রোভাইডার কর্তৃক নির্ধারিত হিসেবে জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় বলে বিবেচিত হয় না।** নিম্নলিখিত বিষয়গুলো পরিষেবাসমূহের উদাহরণের একটি অসম্পূর্ণ তালিকা যা জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় নয়:

**5.1.2.1.1** চর্মরোগ সংক্রান্ত পরিষেবাগুলো সহ কসমেটিক সার্জারি বা এমন পরিষেবা যা প্রাথমিকভাবে রোগীর চেহারা সুন্দর করার উদ্দেশ্যে সম্পাদিত হয়।

**5.1.2.1.2** বন্ধ্যাত্বজনিত চিকিৎসা এবং রোগ নির্ণয় সহ এ সম্পর্কিত পরিষেবাসমূহ।

**5.1.2.1.3** খুচরা মেডিকেল সাপ্লাইজ।

**5.1.2.1.4** আকুপাংচার, কাইরোপ্রাকটিক এবং ম্যাসেজ পরিষেবাযুক্ত বিকল্প থেরাপিসমূহ।

**5.1.2.1.5** যৌন সমস্যার চিকিৎসার জন্য ইনজেকশন এবং ডিভাইস।

**5.1.2.1.6** সারোগেসি পরিষেবা।

**5.1.2.1.7** তৃতীয় পক্ষের দায়বদ্ধতা, ব্যক্তিগত বিমা সুরক্ষা বা শ্রমিকদের ক্ষতিপূরণ সম্পর্কিত পরিষেবাসমূহ।

**5.1.2.1.8 KP বহির্ভূত স্বাস্থ্য বিমা থাকা রোগীদের জন্য পরিষেবাসমূহ।** জরুরি নয় বা তাৎক্ষণিক নয় এমন পরিষেবা এবং আউটপেশেন্ট ফার্মেসি সাপ্লাইজ যা রোগীর KP বহির্ভূত স্বাস্থ্য কভারেজের আওতায় থাকে এবং যার জন্য রোগীদেরকে পছন্দের KP বহির্ভূত প্রোভাইডার এবং ফার্মেসির একটি নির্দিষ্ট নেটওয়ার্ক ব্যবহার করতে হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.2.2 প্রেসক্রিপশন এবং ফার্মেসি সাপ্লাইজ যা জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় বলে বিবেচিত হয় না।** প্রেসক্রিপশন এবং ফার্মেসি সাপ্লাইজ যা জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় বলে বিবেচিত হয় না, সেগুলোর মধ্যে কয়েকটি হলো:

**5.1.2.2.1** ফার্মেসি এবং থেরাপিউটিকস কমিটি কর্তৃক অনুমোদিত নয় এমন ওষুধ।

**5.1.2.2.2** KP প্রোভাইডার কর্তৃক সুপারিশকৃত বা অর্ডার করা হয়নি এমন ওভার-দ্য-কাউন্টারের ওষুধ এবং সাপ্লাইজসমূহ।

**5.1.2.2.3** ওভার-দ্য-কাউন্টারের ওষুধ এবং সাপ্লাইজসমূহ যা KP ফার্মেসিতে নিয়মিতভাবে পাওয়া যায় না এবং যেগুলো বিশেষভাবে অর্ডার করতে হয়।

**5.1.2.2.4** তৃতীয় পক্ষের দায়বদ্ধতা, ব্যক্তিগত বিমা সুরক্ষা বা শ্রমিকদের ক্ষতিপূরণ সম্পর্কিত প্রেসক্রিপশনসমূহ।

**5.1.2.2.5** বিশেষভাবে বাদ দেওয়া ওষুধসমূহ (যেমন-ফার্টিলিটি, কসমেটিক, যৌন সমস্যা)।

**5.1.2.3 Medicare পার্ট D-তে নথিভুক্তদের জন্য প্রেসক্রিপশনসমূহ নিম্ন আয়ের ভর্তুকি (Low Income Subsidy, LIS) প্রোগ্রামের জন্য যোগ্য বা নথিভুক্ত।** Medicare অ্যাডভান্টেজ পার্ট D-তে নথিভুক্তদের জন্য প্রেসক্রিপশন ওষুধের অবশিষ্ট খরচ শেয়ার হয় যারা সেন্টার ফর Medicare অ্যান্ড Medicaid সার্ভিসেস (CMS) নির্দেশিকা অনুসারে হয় LIS প্রোগ্রামের জন্য যোগ্য নতুবা নথিভুক্ত।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.2.4 KP ফ্যাসিলিটির বাইরে প্রদত্ত পরিষেবাসমূহ।** MFA নীতিমালা শুধুমাত্র KP ফ্যাসিলিটিগুলোতে বা KP প্রোভাইডার কর্তৃক প্রদত্ত পরিষেবাগুলোর ক্ষেত্রে প্রযোজ্য।

**5.1.2.4.1** এমনকি KP প্রোভাইডারের কাছ থেকে রেফারেল করার পরেও, অন্যান্য সমস্ত পরিষেবা MFA এর জন্য বিবেচিত নয়।

**5.1.2.4.2** উপরের ধারা 5.1.1.6 অনুসারে ব্যতিক্রম কোনো কিছু যদি উল্লেখ না থাকে তাহলে KP বহির্ভূত মেডিকেল অফিস, জরুরি পরিচর্যার ফ্যাসিলিটি এবং জরুরি বিভাগের পাশাপাশি KP বহির্ভূত হোম হেলথ, হসপিস, পুনরুদ্ধার এবং তত্ত্বাবধানমূলক পরিচর্যার প্রদত্ত পরিষেবাগুলো বাদ দেওয়া হয়।

**5.1.2.5 টেকসই চিকিৎসা সংক্রান্ত সরঞ্জাম (Durable Medical Equipment, DME)।** KP প্রোভাইডার কর্তৃক অর্ডার দেওয়া হোক না কেন তা ব্যতিরেকে একটি চুক্তিবদ্ধ ভেন্ডারের মাধ্যমে সরবরাহ করা DME বাদ দেওয়া হয় যদি না উপরের ধারা 5.1.1.6 অনুসারে কোনো ব্যতিক্রম অবস্থার সৃষ্টি হয়।

**5.1.2.6 পরিবহন পরিষেবা এবং ভ্রমণ ব্যয়।** MFA প্রোগ্রাম রোগীদের জরুরি বা জরুরি নয় এমন পরিবহন বা ভ্রমণ সংক্রান্ত ব্যয় (যেমন- থাকার ব্যবস্থা এবং খাবার) নির্বাহে সাহায্য করে না।

**5.1.2.7 হেলথ প্ল্যান প্রিমিয়াম।** MFA প্রোগ্রাম রোগীদের হেলথ কেয়ার কভারেজের সাথে সম্পর্কিত ব্যয় (যেমন- বকেয়া বা প্রিমিয়াম) নির্বাহে সাহায্য করে না।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.1.3** অঞ্চল-ভিত্তিক যোগ্য ও অযোগ্য পরিষেবা এবং পণ্য সম্পর্কিত অতিরিক্ত তথ্য প্রাসঙ্গিক পরিশিষ্টে রয়েছে। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8 দেখুন।*

**5.2 প্রোভাইডারগণ।** শুধুমাত্র যাদের MFA নীতি প্রযোজ্য তাদের ক্ষেত্রে চিকিৎসা প্রোভাইডারদের দ্বারা সরবরাহ করা যোগ্য পরিষেবাগুলোতে MFA প্রয়োগ করা হয়। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8 দেখুন।*

**5.3 প্রোগ্রামের তথ্য সূত্র এবং কিভাবে MFA এর জন্য আবেদন করতে হয়।** MFA প্রোগ্রাম সম্পর্কিত অতিরিক্ত তথ্য এবং কিভাবে আবেদন করতে হবে তা প্রাসঙ্গিক পরিশিষ্টে সংক্ষিপ্তাকারে রয়েছে। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8 দেখুন।*

**5.3.1 প্রোগ্রামের তথ্য সূত্র।** MFA নীতিমালার কপি, আবেদন ফর্ম, নির্দেশনাবলী এবং প্লেইন ভাষার সারাংশ (যেমন- নীতিমালার সারাংশ বা প্রোগ্রাম বিষয়ক পুস্তিকা) জনসাধারণের জন্য কোনো ধরনের চার্জ ছাড়াই, KFHP/H এর ওয়েবসাইট থেকে, ইমেইলের মাধ্যমে, সরাসরিভাবে বা মার্কিন ডাকযোগে পাওয়া যাবে।

**5.3.2 MFA এর জন্য আবেদন করা।** MFA প্রোগ্রামের জন্য আবেদন করতে, একজন রোগীকে KP পরিষেবার একটি বকেয়া ব্যালেন্সের বিল, KP এর সাথে একটি নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট বা উপরে বর্ণিত যোগ্য পরিষেবার জন্য KP প্রোভাইডার কর্তৃক আদেশকৃত ফার্মেসি প্রেসক্রিপশন তাৎক্ষণিক প্রমাণ হিসেবে দেখাতে হবে। একজন রোগী MFA প্রোগ্রামের জন্য অনলাইনে, সরাসরিভাবে, টেলিফোনে বা কাগজের আবেদনপত্র সহ বিভিন্ন উপায়ে আবেদন করতে পারেন।

**5.3.2.1 KP MFA প্রোগ্রাম।** KP এর যে পরিষেবাযুক্ত অঞ্চল থেকে রোগীগণ KP পরিষেবা গ্রহণ করছে তাদেরকে MFA প্রোগ্রামের জন্য সেখানে আবেদন করতে হবে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.3.2.2 পাবলিক এবং প্রাইভেট প্রোগ্রামের যোগ্যতার জন্য রোগীদের স্ক্রীনিং করা।** KFHP/H সকলকে হেলথ কেয়ার পরিষেবাগুলোতে অ্যাক্সেস নিশ্চিত করার জন্য, সামগ্রিক ব্যক্তিগত স্বাস্থ্যের জন্য এবং রোগীর সম্পদের সুরক্ষার জন্য স্বাস্থ্য বিষয়ক বিমা কভারেজ নিশ্চিত করার আহ্বান জানায়। KFHP/H বিমাহীন রোগী বা তাদের গ্যারান্টারদের Medicaid এবং হেলথ বেনিফিট এক্সচেঞ্জে বিদ্যমান কভারেজ সহ প্রচলিত সহায়তামূলক প্রোগ্রামগুলো সনাক্ত করার পাশাপাশি সেগুলোতে আবেদন করতে সহায়তা করবে। যে রোগীকে Medicaid বা হেলথ বেনিফিট এক্সচেঞ্জে বিদ্যমান কভারেজের জন্য যোগ্য বলে মনে করা হয় তাকে সেই প্রোগ্রামগুলোর জন্য আবেদন করতে হতে পারে। Medicaid সংশ্লিষ্ট আয়ের যোগ্যতার মাপকাঠির চাইতে বেশি আয়কারী রোগীদের Medicaid এর জন্য আবেদন করতে হবে না।

**5.4 MFA এর জন্য আবেদন করার প্রয়োজনীয় তথ্য।** MFA প্রোগ্রামের যোগ্যতা নির্ধারণে একজন রোগীর আর্থিক অবস্থা যাচাই করার জন্য ব্যক্তিগত, আর্থিক এবং অন্যান্য বিষয়ক পরিপূর্ণ তথ্যের প্রয়োজন হয়, সেইসাথে Medicaid এবং হেলথ বেনিফিট এক্সচেঞ্জে বিদ্যমান ভর্তুকিযুক্ত কভারেজের যোগ্যতা। রোগী যতবার সাহায্যের জন্য আবেদন করে ততবারই রোগীর আর্থিক অবস্থা যাচাই করা হয়।

**5.4.1 আর্থিক তথ্য প্রদান করা।** রোগীদেরকে তাদের MFA আবেদনের সাথে পরিবারের আকার এবং পরিবারের আয় সংশ্লিষ্ট তথ্য অন্তর্ভুক্ত করতে হবে, তবে KP বিশেষভাবে অনুরোধ না করা পর্যন্ত আর্থিক অবস্থা যাচাই করার অনুমতি দেওয়ার ক্ষেত্রে আর্থিক নথিপত্র জমা দেওয়া বাধ্যতামূলক নয়।

**5.4.1.1 আর্থিক নথিপত্র ছাড়াই আর্থিক অবস্থা যাচাই করা।** যদি MFA আবেদনের সাথে আর্থিক নথিপত্র অন্তর্ভুক্ত না করা হয়, তাহলে বাহ্যিক তথ্যের উপর ভিত্তি করে রোগীর আর্থিক অবস্থা যাচাই করা হবে। যদি কোনো রোগীর আর্থিক অবস্থা বাহ্যিক তথ্যের উপর ভিত্তি

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

করে যাচাই করা না যায়, সেক্ষেত্রে রোগীকে তাদের আর্থিক অবস্থা যাচাই করার অনুমতি দেওয়ার জন্য MFA প্রোগ্রাম আবেদনে বর্ণিত আর্থিক নথিপত্র জমা দিতে বলা হতে পারে।

5.4.1.2 **আর্থিক নথিপত্রের মাধ্যমে আর্থিক অবস্থা যাচাই করা।** যদি আর্থিক নথিপত্র MFA আবেদনের সাথে অন্তর্ভুক্ত করা হয়, তাহলে প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে যোগ্যতা নির্ধারিত হবে।

5.4.2 **পরিপূর্ণ তথ্য প্রদান করা।** অনুরোধ করা ব্যক্তিগত, আর্থিক এবং অন্যান্য বিষয়ক সমস্ত তথ্য প্রাপ্ত হলে MFA প্রোগ্রামের জন্য যোগ্যতা নির্ধারণ করা হয়।

5.4.3 **অসংগতিপূর্ণ তথ্য।** প্রয়োজনীয় তথ্যে কোনো ধরনের অসঙ্গতি থাকলে রোগীকে সরাসরিভাবে, ডাকযোগে বা টেলিফোনে অবহিত করা হয়। রোগীর তরফ থেকে মিস হওয়া তথ্যগুলো ডাকযোগে বিজ্ঞপ্তি পাঠানোর পর: সরাসরিভাবে (ইন-পার্সন) কথোপকথন অনুষ্ঠিত হওয়ার পর বা টেলিফোনে কথোপকথন হওয়ার পর থেকে 30 দিনের মধ্যে জমা দেওয়া যাবে। অসম্পূর্ণ তথ্য থাকলে MFA খারিজ করা হতে পারে।

5.4.4 **যে তথ্যের অনুরোধ করা হয়েছে, তা উপলভ্য নয়।** প্রোগ্রামের আবেদনপত্রে উল্লেখিত যে তথ্যের অনুরোধ করা হয়েছে, তা যদি কোনো রোগীর কাছে না থাকে, তাহলে নিজের যোগ্যতাশর্ত প্রদর্শন করার জন্য উপলভ্য অন্যান্য ডকুমেন্টেশন নিয়ে আলোচনা করতে তারা KFHP/H এর সাথে যোগাযোগ করতে পারেন।

5.4.5 **কোনো আর্থিক তথ্য উপলভ্য নয়।** একজন রোগীকে ন্যূনতম মৌলিক আর্থিক তথ্য (যেমন- আয়, যদি থাকে এবং উৎস) দিতে হবে এবং এগুলোর বৈধতা প্রমাণ করতে হবে, যখন: (1) এক্সটার্নাল ডেটা সোর্স ব্যবহার করে তাদের আর্থিক অবস্থা যাচাই করা যাবে না; (2) যে তথ্যের অনুরোধ করা হয়েছে, তা উপলভ্য নয়; এবং (3) আর কোনো ডকুমেন্টেশন নেই, যার মাধ্যমে যোগ্যতাশর্ত প্রমাণ করা যায়। নিম্নোক্তের কোনোটি প্রযোজ্য হলে,

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

রোগীর মৌলিক ফিনান্সিয়াল তথ্য এবং প্রত্যয়নের (অ্যাটেস্টেশন) প্রয়োজন আছে:

**5.4.5.1** রোগী একজন গৃহহীন বা হোমলেস ক্লিনিকের পরিচর্যা পাচ্ছেন।

**5.4.5.2** রোগীর কোনো আয় নেই, তার নিয়োগকর্তার কাছ থেকে কোনো আনুষ্ঠানিক পেমেন্ট স্টাব (যারা স্বনির্ভর, তারা বাদ দিয়ে) পাচ্ছেন না, আর্থিক উপহার পাচ্ছেন বা পূর্ববর্তী আর্থিক বছরে ফেডারেল বা স্টেট ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল করতে হয়নি।

**5.4.5.3** রোগীটি একটি সুপরিচিত জাতীয় বা আঞ্চলিক বিপর্যয় বা পাবলিক হেলথ এমার্জেন্সি দ্বারা প্রভাবিত হয়েছেন (নীচে থাকা সেকশন 5.11 রেফার করুন)।

**5.4.6** **রোগীর সহযোগিতা।** রোগীর থেকে যে সব তথ্য অনুরোধ করা হয়, তাকে সেগুলো সব জমা দিতে আন্তরিক প্রচেষ্টা চালাতে হবে। অনুরোধ করা সব তথ্য যদি না প্রদান করা হয়, তাহলে তার যোগ্যতাশর্ত নির্ধারণের ক্ষেত্রে পরিস্থিতির কথা বিবেচনা করা হয়।

**5.5** **আনুমানিক যোগ্যতাশর্ত নির্ধারণ।** এমন পরিস্থিতিতে সম্পূর্ণ করা আবেদন না থাকলেও আর্থিক সাহায্য অনুমোদন করা হতে পারে, যদি রোগীর বকেয়া ব্যালেন্স থাকে, KP আউটরিচ প্রচেষ্টায় সাড়া দেননি এবং আবেদন করেননি, তবে অন্যান্য উপলভ্য তথ্য থেকে প্রমাণিত হয় যে তার আর্থিক সমস্যা আছে। যদি উপযুক্ত বলে বিবেচিত হন, তাহলে আর্থিক স্ট্যাটাস যাচাই করার জন্য রোগীকে ব্যক্তিগত, আর্থিক বা অন্যান্য তথ্য প্রদান করতে হবে না এবং তাকে স্বয়ংক্রিয়ভাবে MFA এর সুবিধা পাওয়ার ব্যবস্থা করে দেওয়া হবে। আনুমানিক যোগ্যতাশর্ত নির্ধারণের কারণ এবং সহায়ক তথ্য রোগীর অ্যাকাউন্টে নথিভুক্ত করা হবে এবং অতিরিক্ত রোগীর নোট যোগ করা হতে পারে। যদি রোগী আগে থেকেই উপযুক্ত হয়ে থাকেন বা যদি আর্থিক সমস্যার ইঙ্গিত পাওয়া যায় তবে রোগীকে উপযুক্ত বলে ধরে নেওয়া হয় এবং ডকুমেন্টের প্রয়োজনীয়তা বাদ দেওয়া হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.5.1 আগে থেকে যোগ্য।** এমন পরিস্থিতি, যেখানে এটি স্পষ্ট যে রোগীকে তালিকাভুক্ত করা হয়েছে বা MFA প্রোগ্রামের জন্য নীচে উল্লেখ করা সরকারি এবং বেসরকারি সহায়তার জন্য (যেমন, আগে থেকে যোগ্য) উপযুক্ত বিবেচিত হতে আর্থিক যাচাই প্রক্রিয়া দ্বারা উপযুক্ত বলে অনুমান করা হয়। রোগী যদি নীচের কোনো যোগ্যতার মানদণ্ড পূরণ করেন, তাহলে তাকে আগে থেকে যোগ্য বলে বিবেচনা করা হয়:

**5.5.1.1** একটি Community MFA (CMFA) প্রোগ্রামে নথিভুক্ত করা হয়েছে, যেখানে এটির মাধ্যমে রোগীদেরকে রেফার এবং আগে থেকে যোগ্য বলা হয়েছে: (1) ফেডারেল, স্টেট বা স্থানীয় সরকার (2) একটি পার্টনারিং কমিউনিটি-ভিত্তিক সংগঠন বা (3) একটি KFHP/H স্পনসর করা কমিউনিটি হেলথ ইভেন্টে।

**5.5.1.2** এমন একটি KP Community Benefit প্রোগ্রামে নথিভুক্ত করা হয়েছে, যা নির্ধারিত KFHP/H পার্সোনেল দ্বারা আগে থেকেই যোগ্য নির্ধারণ করা হয়েছে এবং স্বল্প আয় করা রোগীদের জন্য পরিচর্যা অ্যাক্সেস সাপোর্ট করার জন্য প্রস্তুত করা হয়েছে।

**5.5.1.3** নথিভুক্ত করা হয়েছে বা বিশ্বস্ত উপায়ে পরীক্ষা করা হেলথ কভারেজের জন্য উপযুক্ত বলে অনুমান করা হয়েছে (যেমন- Medicaid, Medicare লো ইনকাম সাবসিডি প্রোগ্রাম, হেলথ বেনিফিট এক্সচেঞ্জের ক্ষেত্রে সাবসিডাইজ করা কভারেজ উপলভ্য)।

**5.5.1.4** একটি বিশ্বস্ত উপায়ে পরীক্ষা করা হেলথ কভারেজে নথিভুক্ত (যেমন- মহিলা, সদ্যোজাত এবং শিশুদের প্রোগ্রাম, সহযোগী পুষ্টি এবং সহায়তা প্রোগ্রাম, কম আয় করা পরিবারের শক্তি সহায়তা সংক্রান্ত প্রোগ্রাম, ফ্রি বা কম খরচের লাঞ্চ প্রোগ্রাম)।

**5.5.1.5** কম আয় বা সাবসিডাইজ করা হাউজিংয়ে বসবাস করেন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.5.1.6** আগেই MFA অ্যাওয়ার্ড মঞ্জুর করা হয়েছিল, যা গত 30 দিনের মধ্যে শুরু হয়েছিল।

**5.5.2 আর্থিক সমস্যার ইঙ্গিত।** এমন একজন রোগী যিনি KP কেন্দ্রে পরিচর্যা পেয়েছেন এবং যার আর্থিক সমস্যার ইঙ্গিত পাওয়া গিয়েছে (যেমন- আগের বকেয়া ব্যালেন্স বা পেমেন্ট না করতে পারা), তার ক্ষেত্রে এক্সটার্নাল ডেটা সোর্স ব্যবহার করে প্রোগ্রামের যোগ্যতা এবং আর্থিক সমস্যার জন্য KP দ্বারা পরীক্ষা করা হতে পারে। যদি উপযুক্ত হন, তাহলে রোগী শুধুমাত্র উপযুক্ত বকেয়া ব্যালেন্সের জন্য MFA অ্যাওয়ার্ড পাবেন।

**5.5.2.1** KP **দ্বারা যোগ্যতাশর্ত নির্ধারণ।** রোগীর বকেয়া ব্যালেন্স কোনো ঋণ সংগ্রহকারী এজেন্সির অধীনে পেশ করার আগে সংশ্লিষ্ট রোগী প্রোগ্রামে অংশগ্রহণের যোগ্য কিনা, KP তা নির্ধারণ করবে।

**5.5.2.1.1 বকেয়া সেলফ-পেমেন্ট ব্যালেন্স।** KP সেই সমস্ত রোগীদের পরীক্ষা করবে, যাদেরকে আর্থিক মূল্যায়ন-পরীক্ষা মাপকাঠি ভিত্তিক প্রোগ্রামের যোগ্যতার জন্য একটি ঋণ সংগ্রহকারী এজেন্সির আওতায় পেশ করার জন্য শনাক্ত করা হয়েছে। নীচে থাকা সেকশন 5.6.1 দেখুন।

**5.5.2.1.2 আর্থিক সমস্যার ইঙ্গিত।** বকেয়া ব্যালেন্স থাকা কিছু রোগীর আর্থিক তথ্য হয়তো যোগ্যতা নির্ধারণ করার জন্য উপলভ্য হবে না। তবে অন্যান্য যে সব আর্থিক সমস্যার ইঙ্গিত KP-কে জানানো হয়েছে, সেখান থেকে কম আয়ের বিষয়টি নির্ধারণ করা হতে পারে। উপযুক্ত বকেয়া ব্যালেন্সগুলো MFA প্রোগ্রামে প্রয়োগ করা হবে এবং সেগুলো কালেকশন সংক্রান্ত অধিকতর পদক্ষেপের শর্তের মধ্যে ফেলা হবে না।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

আর্থিক সমস্যার ইঙ্গিতের মধ্যে এগুলো থাকতে পারে, তবে এগুলোর মধ্যেই সীমিত নয়:

**5.5.2.1.2.1** রোগীটি স্পনসরশিপ, সোশ্যাল সিকিউরিটি নম্বর, ট্যাক্স রেকর্ড বা বৈধ বিলিং ঠিকানা ছাড়াই মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরের কোনো নাগরিক; তাদের অ্যাকাউন্টের ব্যাপারে KP-কে অবগত করেনি; এবং যথাযোগ্য কালেকশন প্রচেষ্টা থেকে দেখা যায় যে রোগীটির নিজের দেশে পর্যাপ্ত আর্থিক বা সম্পদের উৎস নেই।

**5.5.2.1.2.2** আগে প্রদান করা KP সার্ভিসের জন্য রোগীটির বকেয়া ব্যালেন্স আছে এবং তারপর থেকে দীর্ঘ সময়ের জন্য কারাগারে বন্দী ছিল; বিবাহিত নয়; আয়ের কোনো ইঙ্গিত নেই; এবং রোগীটির সাথে KP যোগাযোগ করতে পারছে না।

**5.5.2.1.2.3** মৃত রোগীর কোনো ঘরবাড়ি/সম্পদ বা ঋণের জন্য দায়ী আত্মীয়ের রেকর্ড নেই।

**5.5.2.1.2.4** রোগীটি মৃত এবং প্রোবেট বা এস্টেট থেকে দেউলিয়া দেখা যাচ্ছে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.6 প্রোগ্রামের যোগ্যতাশর্ত।** অঞ্চল ভিত্তিক সংযোজন সেকশন V-এ যেমন সংক্ষিপ্তভাবে উল্লেখ করা হয়েছে, MFA এর জন্য আবেদনকারী রোগী উপায়ের পরীক্ষা বা উচ্চ মেডিকেল খরচ সংক্রান্ত মাপকাঠির ভিত্তিতে আর্থিক সাহায্যের জন্য উপযুক্ত হতে পারেন। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8* দেখুন।

**5.6.1 আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড।** কোনো রোগী আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ডের শর্ত পূরণ করেন কিনা দেখার জন্য তাকে মূল্যায়ন করা হয়।

**5.6.1.1 আয়ের লেভেলের ভিত্তিতে যোগ্যতা।** ফেডারেল দারিদ্র্য সংক্রান্ত নির্দেশিকার (Federal Poverty Guidelines, FPG) একটি শতাংশ হিসাবে KFHP/H এর সমতুল্য বা তার চেয়ে কম গ্রস হাউসহোল্ড ইনকাম থাকা রোগী আর্থিক সহায়তার জন্য উপযুক্ত বিবেচিত হবে। আর্থিক মূল্যায়ন-পরীক্ষাতে সম্পদকে বিবেচনা করা হয় না।

**5.6.1.2 পরিবারের আয়।** পরিবারের সদস্যদের ক্ষেত্রে আয় সংক্রান্ত শর্তাবলী প্রযোজ্য হবে। পরিবার মানে জন্মসূত্রে, বিবাহসূত্রে বা দত্তকসূত্রে একসাথে বসবাসকারী দুই বা তার বেশি ব্যক্তি বা একজন মানুষ। পরিবারের সদস্যদের মধ্যে স্বামী বা স্ত্রী, কোয়ালিফায়েড ডোমেস্টিক পার্টনার, শিশু, কেয়ারটেকার আত্মীয়, কেয়ারটেকার আত্মীয়ের শিশু এবং অন্যান্য ব্যক্তি, যার জন্য এক ব্যক্তি, স্বামী বা স্ত্রী, ডোমেস্টিক পার্টনার বা বাবা-মা আর্থিক দায়িত্ব পালন করেন, যিনি পরিবারে রয়েছেন।

**5.6.2 চিকিৎসার অতিরিক্ত ব্যয়ের মানদণ্ড।** কোনো রোগী চিকিৎসার অতিরিক্ত ব্যয় সংক্রান্ত খরচের মাপকাঠির শর্ত পূরণ করেন কিনা দেখার জন্য তাকে মূল্যায়ন করা হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.6.2.1 যোগ্যতার ভিত্তিতে চিকিৎসার অতিরিক্ত ব্যয়।** গ্রস হাউসহোল্ড ইনকামের কোনো রোগী যদি আবেদন করার আগে 12 মাস সময়সীমাতে উপযুক্ত পরিষেবার জন্য নিজের পকেট থেকে মেডিকেল এবং ফার্মেসি সংক্রান্ত খরচ হিসাবে পরিবারের বার্ষিক আয়ের 10% এর সমতুল্য বা তার বেশি অর্থ খরচ করে থাকেন, তাহলে তিনি আর্থিক সাহায্যের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

**5.6.2.1.1 KFHP/H নিজের পকেট থেকে খরচ করা।** KP-তে হওয়া মেডিকেল এবং ফার্মেসি সংক্রান্ত খরচের মধ্যে রয়েছে উপযুক্ত সার্ভিসের ক্ষেত্রে কোপেমেন্ট, ডিপোজিট, কোইন্সুরেন্স এবং ছাড়যোগ্য।

**5.6.2.1.2 নন-KFHP/H নিজের পকেট থেকে খরচ করা।** চিকিৎসাগতভাবে উপযুক্ত মেডিকেল সার্ভিস সংক্রান্ত নন-KP কেন্দ্রতে হওয়া মেডিকেল, ফার্মেসি এবং ডেন্টাল খরচ এবং রোগীর খরচ (কোনো ছাড় বা মওকুফ থাকলে, তা বাদ দিয়ে) অন্তর্ভুক্ত। নন-KP কেন্দ্র থেকে পাওয়া সার্ভিসগুলোর জন্য রোগীকে মেডিকেল সংক্রান্ত খরচের ডকুমেন্টেশন প্রদান করতে হবে।

**5.6.2.1.2.1** যদি নন-KFHP/H প্রোভাইডার যেখানে চার্জ হয়েছে সেখানে রোগী উপযুক্ত হলে একটি আর্থিক সহায়তা প্রোগ্রাম প্রদান করে, তাহলে রোগীকে অবশ্যই চার্জগুলোর আগে আবেদন করতে হবে, তাহলে উপযুক্ত মেডিকেল খরচের জন্য বিবেচিত হবেন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

5.6.2.1.3 **হেলথ প্ল্যান প্রিমিয়াম।** নিজের পকেট থেকে খরচের মধ্যে হেলথ কেয়ার কভারেজের সাথে সংশ্লিষ্ট থাকা খরচগুলো অন্তর্ভুক্ত নয় (যেমন- বকেয়া বা প্রিমিয়াম)।

## 5.7 খারিজ এবং আবেদন

**5.7.1 খারিজ।** একজন রোগী, যিনি MFA প্রোগ্রামের জন্য আবেদন করেছেন এবং যোগ্যতাশর্ত পূরণ করতে পারেন না, তাকে লিখিতভাবে জানিয়ে দেওয়া হবে যে তার MFA আবেদন খারিজ করা হয়েছে।

**5.7.2 MFA খারিজ হওয়ার বিরুদ্ধে কিভাবে আবেদন করতে হয়।** যে সব রোগীর MFA খারিজ করা হয়েছে বা অনুমোদন করা হয়েছে এবং বিশ্বাস করেন যে তারা আরো বেশি MFA অ্যাওয়ার্ডের জন্য উপযুক্ত, তারা সিদ্ধান্তটির বিরুদ্ধে আবেদন করতে পারেন। রোগীদেরকে আবেদন করতে উৎসাহ দেওয়া হয়, যদি: (1) যদি আগে থেকে ফিনান্সিয়াল ডকুমেন্টেশন জমা না দিয়ে থাকেন বা (2) তার পরিবারের আয় যদি বদলে যায়। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করার ব্যাপারে নির্দেশাবলী MFA খারিজ এবং অনুমোদনের চিঠিতে এবং MFA ওয়েবসাইটে দেওয়া আছে। অনুমোদিত KFHP/H স্টাফরা আবেদনের পর্যালোচনা করেন। রোগীদেরকে লিখিতভাবে তাদের আবেদনের পরিণামের ব্যাপারে জানিয়ে দেওয়া হয়। আবেদন সংক্রান্ত সমস্ত সিদ্ধান্তই চূড়ান্ত।

**5.8 অ্যাওয়ার্ডের স্ট্রাকচার।** উপযুক্ত আগের বকেয়া বা বকেয়া ব্যালেন্স, ঋণ সংগ্রহকারী এজেন্সির অধীনে পেশ করা ব্যালেন্স এবং বাকি থাকা চার্জগুলোতে MFA অ্যাওয়ার্ড প্রয়োগ করা যায়। এছাড়া MFA অ্যাওয়ার্ডের মধ্যে একজন KP প্রোভাইডার দ্বারা নির্ধারিত অনুযায়ী যেকোনো ফলো-আপ সার্ভিসের জন্য উপযুক্ত সময়সীমা অন্তর্ভুক্ত থাকতে পারে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.8.1 অ্যাওয়ার্ডের ভিত্তি।** রোগীর পরিবারের আয় এবং তার হেলথ কেয়ার কভারেজ রয়েছে কিনা, সেই ভিত্তিতে MFA প্রোগ্রামের মাধ্যমে রোগীকে প্রদান করা খরচের পরিমাণ নির্ধারণ করা হয়।

**5.8.1.1 হেলথ কেয়ার কভারেজ ছাড়া MFA-উপযুক্ত রোগী (বিমার আওতাভুক্ত নয়)।** বিমার আওতাভুক্ত নয়, এমন রোগীরা সব উপযুক্ত সার্ভিসের ক্ষেত্রে একটি ছাড় পেয়ে থাকেন।

**5.8.1.2 হেলথ কেয়ার কভারেজ যুক্ত MFA-উপযুক্ত রোগী (বিমার আওতাভুক্ত)।** বিমার আওতাভুক্ত রোগীরা সব উপযুক্ত সার্ভিসের ক্ষেত্রে রোগীর খরচের উপর একটি ছাড় পেয়ে থাকেন, যার জন্য (1) রোগী ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকেন এবং (2) বিমা সংস্থা সেটি প্রদান করে না। রোগীকে ডকুমেন্টেশন প্রদান করতে হয়, যেমন সুবিধাগুলোর ব্যাখ্যা (EOB), যাতে বিমার আওতাভুক্ত না থাকা বিলের অংশটি নির্ধারণ করা যায়। বিমার আওতাভুক্ত উপযুক্ত রোগীর কোনো দাবি যদি খারিজ করা হয়, তাহলে তাকে নিজের বিমা সংস্থার কাছে আবেদন পেশ করতে হবে। বিমার আওতাভুক্ত উপযুক্ত রোগীদেরকে নিজেদের বিমা সংস্থার আবেদন খারিজ সম্পর্কিত ডকুমেন্টেশন প্রদান করতে হবে।

**5.8.1.2.1 বিমা সংস্থা থেকে পাওয়া পেমেন্ট।** বিমার আওতাভুক্ত একজন উপযুক্ত রোগীকে KFHP/H দ্বারা প্রদান করা সার্ভিসের জন্য কোনো পেমেন্ট থাকলে তা KFHP/H-কে দিতে হবে, যা সংশ্লিষ্ট রোগীর বিমা সংস্থার থেকে রোগী পেয়েছেন।

**5.8.1.3 ছাড়ের শিডিউল।** চিকিৎসা সংক্রান্ত সহায়তার জন্য কোনো রোগী উপযুক্ত হলে, রোগীকে KP কত পরিমাণ চার্জ করবে, তা প্রোগ্রামের জন্য রোগী উপযুক্ত কিনা জানতে ব্যবহার করা যোগ্যতাশর্তের ধরনের

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

ভিত্তিতে নির্ধারণ করা হয়। উপলভ্য ছাড়ের ব্যাপারে অতিরিক্ত তথ্য প্রাসঙ্গিক সংযোজনে নীতির অধীনে সংক্ষেপে উল্লেখ করা আছে। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8* দেখুন।

**5.8.1.3.1 আনুমানিক যোগ্যতা নির্ধারণ – আগে থেকে যোগ্য।** যে রোগী MFA এর জন্য আগে থেকেই যোগ্য হয়েছেন (যেমনটা সেকশন 5.5.1-এ সংক্ষিপ্তাকারে বলা হয়েছে), তিনি রোগী দায়বদ্ধ এমন প্রদান করা সার্ভিসের জন্য চার্জ বা রোগীর খরচের ক্ষেত্রে 100% MFA ছাড় পাবেন।

**5.8.1.3.2 KP এর মাধ্যমে আনুমানিক যোগ্যতা নির্ধারণ – বকেয়া সেলফ-পে ব্যালেন্স।** যে রোগী আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড পূরণ করবেন সেই রোগী খরচ বা রোগীর দায়বদ্ধতার আওতায় থাকা প্রদত্ত পরিষেবা উপর ধার্য করা অংশের উপর একটি স্লাইডিং স্কেল MFA ছাড় পাবেন।

**5.8.1.3.3 KP এর মাধ্যমে অনুমানিক যোগ্যতা নির্ধারণ – আর্থিক সমস্যা সংক্রান্ত নির্দেশনা।** যে রোগী আর্থিক সমস্যার নির্দেশনাগুলো মানদণ্ড পূরণ করবেন সেই রোগী খরচ বা রোগীর দায়বদ্ধতার আওতায় থাকা প্রদত্ত পরিষেবার উপর ধার্য করা অংশের উপর 100% MFA ছাড় পাবেন।

**5.8.1.3.4 রোগী আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড পূরণ করে।** যে রোগী আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড পূরণ করবেন সেই রোগী খরচ বা রোগীর দায়বদ্ধতার আওতায় থাকা প্রদত্ত পরিষেবা উপর ধার্য করা অংশের উপর একটি স্লাইডিং স্কেল MFA ছাড় পাবেন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

5.8.1.3.5 **রোগী চিকিৎসার অতিরিক্ত ব্যয়ের মানদণ্ড পূরণ করে।** যে রোগী চিকিৎসার অতিরিক্ত ব্যয়ের মানদণ্ড পূরণ করবেন সেই রোগী খরচ বা রোগীর দায়বদ্ধতার আওতায় থাকা প্রদত্ত পরিষেবাগুলোর উপর 100% MFA ছাড় পাবেন।

5.8.1.4 **সেটেলমেন্ট থেকে ভর্তুকি প্রদান।** KFHP/H তৃতীয় পক্ষের দায়বদ্ধতা / ব্যক্তিগত বীমা সুরক্ষা বন্দোবস্ত, প্রদানকারী বা অন্যান্য আইনগতভাবে দায়বদ্ধ পক্ষের কাছ থেকে প্রযোজ্য অনুসারে ভর্তুকি প্রদান নিয়ম মেনে চলে।

5.8.2 **অ্যাওয়ার্ডের যোগ্যতার সময়কাল।** ফলো-আপ পরিষেবার জন্য যোগ্যতার সময়কাল অনুমোদনের তারিখ থেকে শুরু হয় অথবা পরিষেবাগুলো সরবরাহ করা হয়েছিল সে সময় থেকে অথবা ওষুধ বিতরণ করা হয়েছিল সেই তারিখ থেকে শুরু হয়। যোগ্যতার সময়সীমার ব্যাপ্তি শুধুমাত্র একটি সীমিত সময় এবং বিভিন্ন উপায়ে KP এর বিবেচনার ভিত্তিতে নির্ধারিত হয়, যার মধ্যে রয়েছে:

5.8.2.1 **নির্দিষ্ট সময়কাল।** যথাযথ ফলো-আপ পরিষেবার জন্য সর্বাধিক সময় হলো 365 দিন এবং রোগীর অনাদায়ী খরচের পরিমাণ খারাপ-ঋণ রেফারেলের পূর্বেই চিহ্নিত।

5.8.2.2 **দক্ষ নার্সিং, কাস্টোডিয়াল পরিষেবা এবং মাঝারি পরিচর্যা।** KP এর বাইরে প্রদত্ত পরিষেবার জন্য সর্বাধিক সময় হলো 30 দিন।

5.8.2.3 **টেকসই চিকিৎসা সরঞ্জাম।** বিক্রেতার জন্য চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করার সর্বোচ্চ সময়সীমা 180 দিন।

5.8.2.4 **চিকিৎসার কোর্স বা পরিচর্যার পর্ব।** চিকিৎসা কোর্স অথবা পরিচর্যার পর্বের জন্য সর্বাধিক সময়সীমা হলো 180 দিন যা KP প্রদানকারীর মাধ্যমে নির্ধারিত।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.8.2.5 আর্থিক সহায়তার জন্য পুনরায় আবেদন করা।** বিদ্যমান অ্যাওয়ার্ডের মেয়াদ শেষ হওয়ার যে তারিখ সেটি শুরুর ত্রিশ (30) দিন আগে এবং তারপরেও যেকোনো সময়ে একজন রোগী প্রোগ্রামের জন্য আবারো আবেদন জানাতে পারেন।

**5.8.3 অ্যাওয়ার্ড প্রত্যাহার, বাতিল বা সংশোধিত।** KFHP/H তার বিবেচনার ভিত্তিতে নির্দিষ্ট পরিস্থিতিতে একটি MFA অ্যাওয়ার্ড প্রত্যাহার, বাতিল বা সংশোধন করতে পারে। যে পরিস্থিতিতে সেটা হলো:

**5.8.3.1 জালিয়াতি, চুরি বা আর্থিক পরিবর্তন।** জালিয়াতি, মিথ্যা বর্ণনা, চুরি, রোগীর আর্থিক অবস্থার বিষয়ে কারচুপি বা অন্য যেকোনো ধরনের পরিস্থিতি যা MFA প্রোগ্রামের সততাকে অবমূল্যায়ন করে।

**5.8.3.2 পাবলিক ও প্রাইভেট হেলথ কভারেজ প্রোগ্রামের জন্য যোগ্য।** সরকারি এবং বেসরকারি হেলথ কভারেজ প্রোগ্রামগুলোর জন্য যাচাই করা রোগীকে যোগ্য হিসেবে ধরা হলেও সেই প্রোগ্রামগুলোর জন্য আবেদন প্রক্রিয়ায় কোনো প্রকার সহায়তা করা হয় না।

**5.8.3.3 অন্যান্য পেমেন্ট সোর্স চিহ্নিত করা হয়েছে।** একজন রোগীর MFA অ্যাওয়ার্ড পাওয়ার পর হেলথ কভারেজ বা অন্যান্য পেমেন্ট সোর্স শনাক্ত করা হয় যার কারণে যোগ্য পরিষেবার জন্য চার্জগুলো পূর্বের ন্যায় পুনরায় বিল করা হয়। এটি হয়ে থাকলে রোগীকে বিলের সেই অংশ (1) যেটির জন্য রোগী ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকে এবং (2) যেটি তাদের হেলথ কভারেজ বা অন্যান্য পেমেন্ট সোর্সের মাধ্যমে পরিশোধ করা হয় না সেগুলির জন্য বিল করা হয় না।

**5.8.3.4 হেলথ কভারেজ পরিবর্তন।** যে রোগী হেলথ কেয়ার কভারেজের পরিবর্তনের মুখোমুখি হয়ে থাকেন তাকে MFA প্রোগ্রামে পুনরায় আবেদন করতে বলা হবে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.8.3.5 পারিবারিক আয়ে পরিবর্তন।** যে রোগী পারিবারিক আয়ের পরিবর্তনের মুখোমুখি হয়েছেন MFA প্রোগ্রামে তাকে পুনরায় আবেদন করতে বলা হবে।

**5.9 চার্জের সীমাবদ্ধতা।** Kaiser Foundation Hospital-এ রেন্ডারকৃত যথাযথ হাসপাতালের চার্জের জন্য MFA যোগ্য রোগীদের পুরো ডলারের পরিমাণ (যেমন, গ্রস চার্জ) চার্জ করা নিষিদ্ধ। Kaiser Foundation Hospital-এ যথাযথ হাসপাতাল পরিষেবা পেয়েছেন এমন রোগী এবং MFA প্রোগ্রামের জন্য যোগ্য কিন্তু কোনো MFA অ্যাওয়ার্ড পাননি বা MFA অ্যাওয়ার্ড প্রত্যাখ্যান করেছেন, তাহলে তাকে সেই পরিষেবাগুলোর জন্য স্বাভাবিকভাবে বিল করা পরিমাণের চাইতে (AGB) বেশি চার্জ করা হবে না।

**5.9.1 সাধারণত যা বিল করা হয়।** বিমা কভার আছে এমন ব্যক্তিদের জরুরি বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবার জন্য সাধারণত বিল করা পরিমাণ (AGB) প্রযোজ্য অঞ্চল-নির্দিষ্ট সংযোজনের বিভাগ VII-এ বর্ণিত KP সুযোগ সুবিধার জন্য এই ধরনের পরিষেবা নির্ধারণ করা হয়। *Kaiser Permanente অঞ্চলের পরিশিষ্ট সংযুক্তি 1-8* দেখুন।

**5.10 সংগ্রহ পদক্ষেপ**

**5.10.1 যৌক্তিক নোটিফিকেশন প্রচেষ্টা।** KFHP/H বা এটির পক্ষে কাজ করা একটি ঋণ সংগ্রহ এজেন্সি MFA প্রোগ্রাম সম্পর্কে অতীতের বকেয়া বা বকেয়া ব্যালেন্স সহ রোগীদের অবহিত করার যুক্তিসঙ্গত প্রচেষ্টা চালিয়ে যায়। যৌক্তিক নোটিফিকেশন প্রচেষ্টা যার মধ্যে আছে:

**5.10.1.1** প্রথম পোস্ট-ডিসচার্জ স্টেটমেন্টের 120 দিনের মধ্যে একটি লিখিত নোটিশ প্রদান করার দ্বারা অ্যাকাউন্ট হোল্ডারকে জানানো হয় যে যারা যোগ্যতা অর্জন করে MFA শুধুমাত্র তাদের জন্যই প্রাপ্য।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.10.1.2** রোগীর খরচের ব্যালেন্স পরিশোধের জন্য শুরু করতে চাওয়া KFHP/H বা একটি ঋণ সংগ্রহকারী এজেন্সির এমন অসাধারণ সংগ্রহের কার্যক্রমের (extraordinary collection actions, ECAs) তালিকাসহ লিখিত নোটিশ প্রদান করা এবং এই ধরনের কার্যক্রমের শেষ সময়সীমা যেটি লিখিত বিজ্ঞপ্তির 30 দিনের আগে নয়।

**5.10.1.3** প্রথম হাসপাতালের রোগীর বিবৃতিসহ MFA নীতির একটি সহজ সরল ভাষায় সারসংক্ষেপ প্রদান করা।

**5.10.1.4** মৌখিকভাবে MFA নীতি এবং MFA আবেদন প্রক্রিয়ার মাধ্যমে কিভাবে সহায়তা পেতে হয় তা অ্যাকাউন্ট হোল্ডারকে জানানোর চেষ্টা করা হচ্ছে।

**5.10.1.5** অনুরোধের ভিত্তিতে অতীতের বকেয়া বা রোগীর অপরিশোধিত ব্যালেন্স একটি ঋণ সংগ্রহ এজেন্সির কাছে স্থানান্তর করার আগে প্রোগ্রামের যোগ্যতা নির্ধারণ করা।

**5.10.2** **অসাধারণ সংগ্রহ কার্যক্রম স্থগিত করা হয়েছে।** KFHP/H ঋণ সংগ্রহকারী এজেন্সিগুলোকে তার পক্ষ থেকে রোগীর বিরুদ্ধে অসাধারণ সংগ্রহের ব্যবস্থা (ECAs) কার্যক্রম পরিচালনা করতে বা করারও অনুমতি প্রদান করে না, যদি রোগীর:

**5.10.2.1** একটি সক্রিয় MFA অ্যাওয়ার্ড থাকে, বা

**5.10.2.2** ECAs শুরু হওয়ার পরে একটি MFA আবেদন শুরু করে দিয়েছেন। চূড়ান্ত যোগ্যতা নির্ধারণ না করা পর্যন্ত ECAs স্থগিত করা হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.10.3 অনুমোদনযোগ্য অসাধারণ সংগ্রহের কাজ।**

**5.10.3.1 যৌক্তিক প্রচেষ্টার চূড়ান্ত নির্ধারণ।** যেকোনো ECAs শুরু করার আগে আঞ্চলিক Revenue Cycle Patient Financial Services Leader নিম্নলিখিতগুলো বিষয়গুলো নিশ্চিত করে:

**5.10.3.1.1** MFA প্রোগ্রামের রোগীকে অবহিত করার যৌক্তিক প্রচেষ্টার সমাপ্তি, এবং

**5.10.3.1.2** রোগীকে প্রথম বিলিং স্টেটমেন্ট থেকে কমপক্ষে 240 দিন সময় MFA এ আবেদন করার জন্য দেওয়া হয়েছে।

**5.10.3.2 কনজুমার ক্রেডিট এজেন্সি বা ক্রেডিট ব্যুরোতে রিপোর্ট করা।** একটি ঋণ সংগ্রহকারী এজেন্সি গ্রাহক ক্রেডিট রিপোর্টিং এজেন্সি বা ক্রেডিট ব্যুরোতে KFHP/H বা তার পক্ষ থেকে বিপরীতমুখী যেকোনো তথ্য রিপোর্ট করতে পারে।

**5.10.3.3 বিচার বিভাগীয় বা সিভিল অ্যাকশন।** যেকোনো বিচারিক বা দেওয়ানী পদক্ষেপ নেওয়ার আগে KFHP/H রোগীর এক্সটার্নাল ডেটা সোর্স ব্যবহার করে রোগীর আর্থিক অবস্থা যাচাই করে এটা নির্ধারণ করতে যে প্রকৃতপক্ষে রোগী MFA প্রোগ্রামের জন্য যোগ্য কিনা।

**5.10.3.3.1 MFA-এর জন্য যোগ্য।** MFA প্রোগ্রামের জন্য যোগ্য রোগীদের বিরুদ্ধে কোনো অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় না। MFA এর জন্য যোগ্যতা অর্জনকারী অ্যাকাউন্টকে বাতিল করা হয় এবং আগের মতো করে ফেরত দেওয়া হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.10.3.3.2** **MFA এর জন্য যোগ্য নয়।** আঞ্চলিক প্রধান আর্থিক কর্মকর্তা বা নিয়ন্ত্রকের কাছ থেকে খুব সীমিত ক্ষেত্রে অনুমোদন গ্রহণ করার পরে নিম্নলিখিত পদক্ষেপগুলো পরিচালিত হতে পারে:

**5.10.3.3.2.1** মজুরির গার্নিশমেন্ট

**5.10.3.3.2.2** **মামলা/সিভিল অ্যাকশন।** যে সকল বেকার এবং আলাদা কোনো উল্লেখযোগ্য আয় নেই এমন কোনো ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয় না।

**5.10.3.3.2.3** বাসস্থানের উপর দায়বদ্ধতা।

**5.10.4** **নিষিদ্ধ অসাধারণ সংগ্রহের কার্যকলাপ।** যেকোনো ধরনের পরিস্থিতিতে KFHP/H ঋণ সংগ্রহকারী এজেন্সি নিম্নলিখিত কাজগুলো সম্পাদন করতে দেয় না, অনুমতি দেয় না অথবা সম্মতি প্রদান করে না:

**5.10.4.1** একজন অ্যাকাউন্ট হোল্ডারের আগের ব্যালেন্সের অর্থ পরিশোধ না করার কারণে পরিষেবা স্থগিত বা প্রত্যাখ্যান করা অথবা জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবা প্রদানের আগে তাকে পেমেন্ট করতে হবে।

**5.10.4.2** তৃতীয় কোনো পক্ষের কাছে অ্যাকাউন্ট হোল্ডারের ঋণ বিক্রি করা।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.10.4.3** সম্পত্তির উপর ফোরক্লোজার বা অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা।

**5.10.4.4** গ্রেফতারি পরোয়ানার আবেদন করা।

**5.10.4.5** শরীরের সংযুক্তি রিট আবেদন করা।

**5.11 দুর্যোগ এবং পাবলিক স্বাস্থ্য সংক্রান্ত জরুরি প্রতিক্রিয়া।** KFHP/H একটি সুনামধন্য ইভেন্টের মাধ্যমে প্রভাবিত কমিউনিটি এবং রোগীদের জন্য থাকা সহায়তা বাড়ানোর জন্য সাময়িকভাবে MFA প্রোগ্রামের যোগ্যতার মানদণ্ড এবং আবেদন প্রক্রিয়াগুলোকে সংশোধন করতে পারে যেটি স্টেট বা ফেডারেল সরকার কর্তৃক দুর্যোগ বা জরুরি জনস্বাস্থ্য হিসাবে গণ্য করা হয়েছে।

**5.11.1 সম্ভাব্য যোগ্যতা পরিবর্তন।** অস্থায়ী পরিবর্তনগুলো MFA যোগ্যতার মানদণ্ডে অন্তর্ভুক্ত হতে পারে:

**5.11.1.1** যোগ্যতার সীমাবদ্ধতা স্থগিত করা।

**5.11.1.2** আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ডের থ্রেশহোল্ড বৃদ্ধি করা।

**5.11.1.3** উন্নত চিকিৎসা ব্যয়ের মানদণ্ড থ্রেশহোল্ড কমিয়ে আনা।

**5.11.2 সম্ভাব্য আবেদন প্রক্রিয়ার পরিবর্তন।** অস্থায়ী পরিবর্তনগুলো MFA আবেদন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হতে পারে:

**5.11.2.1** যখন (1) রোগীদের আর্থিক পরিস্থিতি এক্সটার্নাল ডেটা সোর্স ব্যবহার করে যাচাই করা যায় না, (2) কোনো ইভেন্টের কারণে অনুরোধকৃত আর্থিক তথ্য পাওয়া না যাওয়া এবং (3) অন্য কোনো প্রমাণ বিদ্যমান না থাকা যা তাদের যোগ্যতা প্রদর্শন করতে পারে এমন ক্ষেত্রে রোগীদের মৌলিক আর্থিক তথ্য (অর্থাৎ, আয়, যদি থাকে এবং উৎস) প্রদান করার অনুমতি দেওয়া এবং এর বৈধতা প্রমাণ করা।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**5.11.2.2** পরিবারের আয় ঠিক করার সময়ের ভিত্তিতে মজুরি/কর্মসংস্থানের ভবিষ্যতের ক্ষতির প্রভাব বিবেচনা করা হয়।

**5.11.3 সর্বজনীনভাবে যেসব তথ্য উপলভ্য আছে।** MFA প্রোগ্রামের ওয়েব পেজে অস্থায়ী MFA প্রোগ্রামের পরিবর্তন অনুযায়ী বর্ণনা প্রদান করে তথ্য জনসাধারণের জন্য এবং প্রভাবিত এলাকায় KP সুবিধা উপলভ্য করা হয়।

## 6.0 পরিশিষ্ট/রেফারেন্স

### 6.1 পরিশিষ্ট

**6.1.1** পরিশিষ্ট A – শব্দের অভিধান

### 6.2 সংযুক্তি

**6.2.1** সংযুক্তি 1 – Kaiser Permanente Colorado এর সংযোজন

**6.2.2** সংযুক্তি 2 – Kaiser Permanente Georgia এর সংযোজন

**6.2.3** সংযুক্তি 3 – Kaiser Permanente Hawaii এর সংযোজন

**6.2.4** সংযুক্তি 4 – Kaiser Permanente Mid-Atlantic States এর সংযোজন

**6.2.5** সংযুক্তি 5 – Kaiser Permanente Northern California এর সংযোজন

**6.2.6** সংযুক্তি 6 – Kaiser Permanente Northwest এর সংযোজন

**6.2.7** সংযুক্তি 7 – Kaiser Permanente Southern California এর সংযোজন

**6.2.8** সংযুক্তি 8 – Kaiser Permanente Washington এর সংযোজন

### 6.3 রেফারেন্স

**6.3.1** রোগীর সুরক্ষা এবং সাশ্রয়মূলক কেয়ার সংক্রান্ত আইন, সর্বজনীন আইন 111-148 (124 স্ট্যাট. 119 (2010))

**6.3.2** ফেডারেল রেজিস্টার এবং অ্যানুয়াল ফেডারেল পভার্টি গাইডলাইন

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**6.3.3** অভ্যন্তরীণ রাজস্ব সংক্রান্ত পরিষেবা প্রকাশনা, 2014 শিডিউল এইচ (ফরম 990) এর নির্দেশাবলী

**6.3.4** অভ্যন্তরীণ রাজস্ব সংক্রান্ত পরিষেবা নোটিশ 2010-39

**6.3.5** অভ্যন্তরীণ রাজস্ব সংক্রান্ত পরিষেবা কোড, 26 CFR পার্টস 1, 53, এবং 602, RIN 1545-BK57; RIN 1545-BL30; RIN 1545-BL58 – দাতব্য হাসপাতালের জন্য অন্যান্য প্রয়োজনীয়তা

**6.3.6** California Hospital Association – হাসপাতালের আর্থিক সহায়তা নীতি এবং কমিউনিটি বেনিফিট আইন, 2015 সংস্করণ

**6.3.7** Catholic Health Association of the United States -এ গাইড ফর প্ল্যানিং অ্যান্ড রিপোর্টিং কমিউনিটি বেনিফিট, 2012 সংস্করণ

**6.3.8** প্রদানকারীর তালিকা। KFHP/H এর ওয়েবসাইটে প্রদানকারীর তালিকা উপলভ্য আছে:

**6.3.8.1** Kaiser Permanente of Hawaii (www.kp.org/mfa/hawaii)

**6.3.8.2** Kaiser Permanente of Northwest (www.kp.org/mfa/nw)

**6.3.8.3** Kaiser Permanente of Northern California (www.kp.org/mfa/ncal)

**6.3.8.4** Kaiser Permanente of Southern California (www.kp.org/mfa/scal)

**6.3.8.5** Kaiser Permanente of Washington (www.kp.org/mfa/wa)

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

## পরিশিষ্ট A – শব্দের অভিধান

**MFA কমিউনিটি (CMFA)** – চিকিৎসা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রোগ্রাম যা কমিউনিটি ভিত্তিক এবং নিরাপত্তা বেষ্টনী সংস্থার সাথে সহযোগিতা করে KP সুবিধাতে স্বল্প আয়ের বীমা ছাড়াই এবং কম বীমা করা রোগীদের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় কেয়ারের অ্যাক্সেস প্রদান করার পরিকল্পনা করে।

**ঋণ গ্রহণের এজেন্সি** – একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান যা, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পাওনাদার বা ঋণ ক্রেতার কাছে ধার্য করা ঋণ সংগ্রহ বা আদায় করার চেষ্টা করে বা এই সংক্রান্ত কাজ করে থাকে।

**দীর্ঘস্থায়ী চিকিৎসার সরঞ্জাম (DME)** – এর মধ্যে আছে, কিন্তু এতে সীমিত নয়: স্ট্যান্ডার্ড ক্যাইঞ্চ (লাঠি), ক্রাচ, নেবুলাইজার, নির্ধারিত সুবিধাজনক সরবরাহ, বাড়িতে ব্যবহারের জন্য দরজার ট্র্যাকশন ইউনিট, হুইলচেয়ার, ওয়াকার, হাসপাতালের বিছানা এবং বাড়িতে ব্যবহারের জন্য অক্সিজেন যেমন DME মানদণ্ড দ্বারা নির্দিষ্ট করা হয়েছে। DME অর্থোটিক্স, প্রস্থেটিক্স (যেমন, ডায়নামিক স্প্লিন্ট/অর্থোস এবং কৃত্রিম স্বরযন্ত্র এবং সরবরাহ) এবং ওভার-দ্য-কাউন্টার সরবরাহ এবং নরম পণ্য (যেমন, ইউরোলজিক্যাল সরবরাহ এবং ক্ষত সরবরাহ) ইত্যাদি এর মধ্যে নেই।

**যোগ্য রোগী** – কোনো ব্যক্তি যিনি এই নীতিতে বর্ণিত যোগ্যতার মানদণ্ড পূরণ করেন, রোগী (1) বিমাহীন; (2) কোনো পাবলিক প্রোগ্রামের মাধ্যমে কভারেজ পাওয়া (যেমন, Medicare, Medicaid অথবা স্বাস্থ্য বিমা এক্সচেঞ্জের মাধ্যমে ক্রয় করা ভর্তুকিযুক্ত হেলথ কেয়ার কভারেজ); (3) KFHP ব্যতীত অন্য কোনো স্বাস্থ্য পরিকল্পনা দ্বারা বিমাকৃত; অথবা (4) KFHP কর্তৃক কভার করা যাই হোক না কেন।

**তথ্যের বহিস্থ উৎস** – তৃতীয় পক্ষের বিক্রেতারা পাবলিক রেকর্ড ডেটাবেসের উপর ভিত্তি করে একটি মডেল ব্যবহার করে আর্থিক প্রয়োজন মূল্যায়নের জন্য রোগীর ব্যক্তিগত তথ্য পর্যালোচনা করতে ব্যবহৃত হয় যা রোগীর আর্থিক সক্ষমতার স্কোর গণনা করার জন্য একই মানের ভিত্তিতে প্রত্যেক রোগীর মূল্যায়ন করে।

**ফেডারেল পোভার্টি গাইডলাইনস (FPG)** – দারিদ্র্যসীমার জন্য বার্ষিক আয়ের পরিমাণ মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত হয় এবং ফেডারেল রেজিস্টারে প্রতি বছর আপডেট করা হয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**আর্থিক পরামর্শ** – KP ফ্যাসিলিটিতে প্রদান করা সেবাগুলোর জন্য অর্থের বিনিময়ে বিভিন্ন আর্থিক এবং হেলথ কভারেজের বিকল্প উপায়গুলো অন্বেষণ করতে রোগীদের সহায়তা করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া। যেসব রোগী আর্থিক পরামর্শ চাইতে পারেন তাদের মধ্যে রয়েছে (কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়) নিজস্ব-অর্থ, বিমাহীন, অপর্যাপ্ত বিমাকৃত এবং যারা সম্পূর্ণ রোগীর দায় পরিশোধে অপারগতা প্রকাশ করেছেন।

**গৃহহীন** – একজন ব্যক্তির জীবনযাত্রার মানকে সংজ্ঞায়িত করে, যা নীচে উল্লেখ করা হয়েছে:

- মানুষের বসবাসের যোগ্য নয় এমন জায়গায়, যেমন গাড়ি, পার্ক, ফুটপাত, পরিত্যক্ত ভবন (রাস্তায়)।
- জরুরি আশ্রয়কেন্দ্রে।
- গৃহহীন ব্যক্তিদের জন্য অন্তর্বর্তীকালীন বা সহায়ক আবাসনে যারা মূলত রাস্তা বা জরুরি আশ্রয়কেন্দ্র থেকে এসেছিলেন।
- উপরের যেকোনো জায়গায় তবে কোনো হাসপাতাল বা অন্য প্রতিষ্ঠানে অল্প সময় (একটানা 30 দিন পর্যন্ত) কাটাচ্ছেন।
- এক সপ্তাহের মধ্যে কোনো বেসরকারি আবাসিক ইউনিট থেকে উচ্ছেদ করা হচ্ছে অথবা পারিবারিক সহিংসতার পরিস্থিতি থেকে পালিয়ে যাচ্ছে এবং পরবর্তী কোনো বাসস্থান চিহ্নিত করা যায়নি এবং সেই ব্যক্তির আবাসন পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় পুঁজি ও সহায়ক নেটওয়ার্কের অভাব রয়েছে।
- কোনো প্রতিষ্ঠান থেকে এক সপ্তাহের মধ্যে ছেড়ে দেওয়া হচ্ছে, যেমন মানসিক স্বাস্থ্য অথবা মাদকদ্রব্যের অপব্যবহারের চিকিৎসা সুবিধা যেখানে ব্যক্তিটি একটানা 30 দিনেরও বেশি সময় ধরে অবস্থান করেছিলেন এবং পরবর্তী কোনো বাসস্থান চিহ্নিত করা যায়নি এবং সেই ব্যক্তির আবাসন পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক পুঁজি এবং সামাজিক সহায়তা নেটওয়ার্কের অভাব রয়েছে।

**KP** – Kaiser Foundation Hospitals এবং অধিভুক্ত-হাসপাতাল ক্লিনিক, Kaiser Foundation Health Plans, Permanente Medical Groups এবং Kaiser Permanente Insurance Company (KPIC) ব্যতীত তাদের নিজ নিজ সহযোগী সংস্থাগুলো অন্তর্ভুক্ত।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**KP ফ্যাসিলিটি** – রোগীর সেবা প্রদান সহ KP ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য KP এর মালিকানাধীন বা ইজারা নেওয়া কোনো ভবনের ভেতরের বা বাইরের এলাকা সহ যেকোনো বাস্তবিক অবকাঠামো (উদাহরণস্বরূপ একটি ভবন বা একটি KP ফ্লোর, ইউনিট বা একটি KP এর ভবন নয় এমন ভবনের ভেতরের বা বাইরের অন্যান্য এলাকা)।

**আর্থিক মূল্যায়ন-পরীক্ষা** – যে পদ্ধতির মাধ্যমে রোগীর দ্বারা প্রদত্ত তথ্যের বহিস্থ উৎস বা তথ্য একটি পাবলিক কভারেজ প্রোগ্রাম বা MFA এর জন্য যোগ্যতা নির্ধারণ করতে ব্যবহৃত হয় তার উপর ভিত্তি করে ব্যক্তির পারিবারিক আয় ফেডারেল দারিদ্র্য সংক্রান্ত নির্দেশিকায় নির্দিষ্ট করা শতাংশের চেয়ে বেশি কিনা।

**মেডিকেল ফিন্যান্সিয়াল অ্যাসিস্ট্যান্স (MFA)** – একটি প্রোগ্রাম যা যোগ্য রোগীদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সহায়তা প্রদান করে যারা তাদের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবা, পণ্য বা ওষুধের সমস্ত বা আংশিক অর্থ প্রদান করতে পারে না এবং সরকারি ও বেসরকারি অর্থ প্রদানকারী উৎসগুলো থেকে যাদের সহায়তা পাওয়ার আর সম্ভাবনা নেই। রোগীর সেবার কিছু বা সমস্ত খরচ প্রদানের জন্য সহায়তা পেতে ব্যক্তিদেরকে প্রোগ্রামের মানদণ্ড পূরণ করতে হবে।

**মেডিকেল সাপ্লাইজ** – পুনঃব্যবহার অযোগ্য চিকিৎসা সামগ্রী যেমন- স্প্লিন্ট, স্লিংস, ক্ষতের ড্রেসিং এবং ব্যান্ডেজ যেগুলো লাইসেন্স প্রাপ্ত হেলথ কেয়ার প্রদানকারী কর্তৃক চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করার সময় প্রয়োগ করা হয় এবং রোগীর মাধ্যমে অন্য উৎস থেকে কেনা বা প্রাপ্ত উপকরণগুলো বাদ দেওয়া হয়।

**রোগীর ব্যয়** – KP ফ্যাসিলিটিগুলোতে (যেমন- হাসপাতাল, হাসপাতাল-অধিভুক্ত ক্লিনিক, মেডিকেল সেন্টার, মেডিকেল অফিস বিল্ডিং এবং আউটপেশেন্ট ফার্মেসি) প্রাপ্ত পরিচর্যার জন্য একজন রোগীকে বিল করা চার্জের অংশ যা বিমা বা সর্বজনীনভাবে অর্থায়িত কোনো হেলথ কেয়ার প্রোগ্রামের মাধ্যমে পরিশোধ করা হয় না।

**ফার্মেসি ওয়েভার** – আউটপেশেন্ট প্রেসক্রিপশন ওষুধের জন্য যেসব নিম্ন-আয়ের KP Senior Advantage Medicare Part D সদস্যগণ তাদের ব্যয়ভার বহন করতে পারে না তাদেরকে Medicare Part D এর অধীনে আর্থিক সহায়তা প্রদান করে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**সেফটি নেট** – অলাভজনক প্রতিষ্ঠান এবং/অথবা সরকারি সংস্থাগুলোর একটি সিস্টেম যা বিমাহীন অথবা পিছিয়ে পড়া কমিউনিটি সেটিং যেমন- পাবলিক হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক, গির্জা, গৃহহীন আশ্রয়ণ, মোবাইল হেলথ ইউনিট, স্কুল, ইত্যাদিতে সরাসরি চিকিৎসা সেবা প্রদান করে।

**স্বল্প বিমাকৃত** – একজন ব্যক্তি যার স্বাস্থ্যসেবামূলক কভারেজ থাকা সত্ত্বেও, বিমার প্রিমিয়াম, কোপেমেন্ট, কোইন্সুরেন্স এবং ডিডাক্টিবল পরিশোধের বাধ্যবাধকতা এমন একটি দুরূহ আর্থিক বোঝা যে রোগীর হিসাবের বাইরে খরচ হওয়ার কারণে দেরি হয় বা প্রয়োজনীয় হেলথ কেয়ার পায় না।

**বিমাহীন** – একজন ব্যক্তি যার হেলথ কেয়ার পরিষেবার অর্থ প্রদানের জন্য হেলথ কেয়ার বিমা বা ফেডারেল- বা স্টেট-স্পন্সরকৃত আর্থিক সহায়তামূলক ব্যবস্থা নেই।

**পিছিয়ে থাকা জনগোষ্ঠী** – এমন জনগোষ্ঠী যাদের স্বাস্থ্য এবং সুস্থতা আর্থ-সামাজিক অবস্থা, অসুস্থতা, জাতিসত্তা, বয়স বা অন্যান্য প্রতিবন্ধকতার কারণে সাধারণ জনসংখ্যার চেয়ে বেশি পিছিয়ে আছে বলে মনে করা হয়।

**বডি অ্যাটাচমেন্টের রিট(গুলো)** – আদালত কর্তৃক জারিকৃত একটি প্রক্রিয়া যা কর্তৃপক্ষকে দেওয়ানী অবমাননার জন্য একজন ব্যক্তিকে আদালতের সামনে গ্রেপ্তারি পরোয়ানার মতোই হাজির করার নির্দেশ দেয়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

| নীতিমালার শিরোনাম<br>**মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | নীতিমালার নম্বর<br>**NATL.CB.307** |
|---|---|
| জবাবদিহিতা সম্পর্কিত বিভাগ<br>**ন্যাশনাল কমিউনিটি হেলথ** | কার্যকর হওয়ার তারিখ<br>**জানুয়ারি 1, 2024** |
| নথির স্বত্বাধিকারী<br>**ডিরেক্টর, মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | পৃষ্ঠা<br>**39 এর 34** |

**সংযোজন:** **Kaiser Permanente Northern California**

**সংযোজন কার্যকর হওয়ার তারিখ:** **1 জানুয়ারি 2024**

**I.** **Kaiser Foundation Hospitals.** এই নীতি সকল KFHP/H প্রতিষ্ঠান (যেমন হাসপাতাল, হাসপাতাল-অনুমোদিত ক্লিনিক, মেডিকেল সেন্টার এবং মেডিকেল অফিস ভবন) এবং বহির্বিভাগের ওষুধের দোকানগুলোর জন্য প্রযোজ্য। Northern California-তে Kaiser Foundation হাসপাতালগুলোর মধ্যে রয়েছে:

| | | |
|---|---|---|
| KFH Antioch | KFH Richmond | KFH San Rafael |
| KFH Fremont | KFH Roseville | KFH Santa Rosa |
| KFH Fresno | KFH Redwood City | KFH South Sacramento |
| KFH San Leandro | KFH Sacramento | KFH South San Francisco |
| KFH Manteca | KFH Santa Clara | KFH Vacaville |
| KFH Modesto | KFH San Francisco | KFH Vallejo |
| KFH Oakland | KFH San Jose | KFH Walnut Creek |

দ্রষ্টব্য: Kaiser Foundation Hospitals হাসপাতালের ন্যায্য মূল্য নীতি, California Health & Safety কোড §127400 মেনে চলে।

Northern California এর Kaiser Foundation হাসপাতালে জরুরি চিকিৎসা সেবা প্রদানকারী একজন জরুরি চিকিৎসককেও আইন অনুসারে বিমাহীন রোগী বা চিকিৎসার ব্যয় উচ্চ এমন রোগীদের যারা ফেডারেল দারিদ্র্যসীমার 400% বা তার নীচে রয়েছে তাদের জন্য মূল্য ছাড় দিতে হবে।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

**II. MFA নীতিমালার অধীনে যোগ্য এবং যোগ্য নয় এমন অতিরিক্ত সেবাসমূহ**

a. **যোগ্য অতিরিক্ত সেবাসমূহ**

i. **গৃহহীন রোগীদের জন্য পরিবহন সেবা।** KP হাসপাতাল বা KP জরুরি বিভাগ থেকে অব্যাহতি পাওয়ার সুবিধার্থে জরুরি এবং জরুরি নয় এমন পরিস্থিতিতে গৃহহীন রোগীদের পরিবহন সেবা পাওয়া যায়।

b. **যোগ্য নয় এমন অতিরিক্ত সেবাসমূহ**

i. হিয়ারিং এইড

ii. অপটিক্যাল সাপ্লাইজ

**III. MFA নীতিমালার অধীন এবং অধীনে নয় এমন প্রোভাইডাররা।** MFA নীতিমালার অধীন এবং অধীনে নয় এমন Kaiser Foundation Hospitals এর প্রোভাইডারদের তালিকা KFHP/H MFA ওয়েবসাইট www.kp.org/mfa/ncal এ সাধারণ জনগণের বিনামূল্যে পাওয়া যায়।

**IV. প্রোগ্রাম তথ্য ও MFA-এর জন্য আবেদন।** MFA নীতির কপি, আবেদন ফর্ম, নির্দেশাবলী এবং সরল ভাষার সারাংশ (যেমন, প্রোগ্রামের ব্রোশার) সহ MFA প্রোগ্রামের তথ্য সাধারণ জনগণের জন্য বিনামূল্যে, ইলেকট্রনিক ফরম্যাটে বা হার্ড কপিতে পাওয়া যায়। একজন রোগী KFHP/H থেকে প্রাপ্ত পরিচর্যা গ্রহণের সময় বা পরবর্তীতে MFA প্রোগ্রামের জন্য অনলাইনে, সরাসরিভাবে, টেলিফোনে বা লিখিত আবেদনপত্র সহ বিভিন্ন উপায়ে আবেদন করতে পারেন। (নীতিমালার 5.3 এবং 5.4 অনুচ্ছেদ দেখুন।)

a. **KFHP/H ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন সম্পন্ন করুন এবং জমা দিন।** একজন রোগী MFA ওয়েবসাইট www.kp.org/mfa/ncal থেকে ইলেকট্রনিক উপায়ে আবেদন প্রক্রিয়া শুরু করতে এবং তথ্য জমা দিতে পারেন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

b. **KFHP/H এর ওয়েবসাইট থেকে প্রোগ্রামের তথ্য ডাউনলোড করুন।** প্রোগ্রাম তথ্যের ইলেকট্রনিক কপিগুলো MFA-এর ওয়েবসাইট www.kp.org/mfa/ncal এ পাওয়া যায়।

c. **ইলেকট্রনিক পদ্ধতিতে প্রোগ্রামের তথ্যের জন্য অনুরোধ করুন।** প্রোগ্রাম তথ্যের ইলেকট্রনিক অনুলিপিগুলো MFA-Public-Inbox@kp.org এই ইমেইলে অনুরোধের ভিত্তিতে পাওয়া যায়।

d. **প্রোগ্রামের তথ্য পান অথবা সরাসরি এসে আবেদন করুন।** Kaiser Foundation Hospitals এর অনুচ্ছেদ I-তে তালিকাভুক্ত Kaiser Foundation Hospitals এর ভর্তি সংক্রান্ত, জরুরি কক্ষ এবং রোগীর আর্থিক উপদেষ্টার বিভাগে প্রোগ্রামের তথ্য পাওয়া যায়।

e. **প্রোগ্রামের তথ্যের জন্য অনুরোধ করুন অথবা টেলিফোনের মাধ্যমে আবেদন করুন।** টেলিফোনের মাধ্যমে তথ্য সরবরাহ, MFA এর যোগ্যতা নির্ধারণ এবং রোগীকে MFA-এর আবেদনে সহায়তার জন্য পরামর্শদাতাদের পাওয়া যাবে। পরামর্শদাতাদের সাথে যোগাযোগ করা যেতে পারে:

টেলিফোন: 1-800-390-3507

f. **প্রোগ্রামের তথ্যের জন্য অনুরোধ করুন অথবা ডাকযোগে আবেদন করুন।** একজন রোগী ডাকযোগে MFA প্রোগ্রামের একটি পরিপূর্ণ আবেদন জমা দিয়ে প্রোগ্রামের তথ্যের জন্য অনুরোধ করতে পারেন এবং MFA-এর জন্য আবেদন করতে পারেন। তথ্যের জন্য অনুরোধ এবং আবেদনগুলো এই ঠিকানায় পাঠানো যেতে পারে:

Kaiser Permanente
Attention: Medical Financial Assistance Unit
P.O. Box 30006
Walnut Creek, California 94598

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

g. **সরাসরি এসে সম্পন্ন করা আবেদন জমা দিন।** সম্পন্ন করা আবেদনগুলো প্রতিটি Kaiser Foundation Hospital এর ভর্তি সংক্রান্ত বা রোগীর আর্থিক উপদেষ্টার বিভাগে সরাসরি এসে জমা দেওয়া যেতে পারে।

**V.** **যোগ্যতার মানদণ্ড।** MFA এর জন্য যোগ্যতা নির্ধারণের সময় রোগীর পারিবারিক আয় বিবেচনা করা হয়। (নীতিমালার 5.6.1 অনুচ্ছেদ দেখুন।)

a. আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড: ফেডারেল দারিদ্র্য সংক্রান্ত নির্দেশিকার 400% পর্যন্ত।

**VI.** **ছাড়ের শিডিউল।** চিকিৎসা সংক্রান্ত সহায়তার জন্য কোনো রোগী উপযুক্ত হলে, রোগীকে KP কত পরিমাণ চার্জ করবে, তা প্রোগ্রামের জন্য রোগী উপযুক্ত কিনা জানতে ব্যবহার করা যোগ্যতাশর্তের ধরনের ভিত্তিতে নির্ধারণ করা হয়।

a. **রোগী আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড পূরণ করে।** একজন রোগী যিনি আর্থিক মূল্যায়ন-পরীক্ষার মানদণ্ড পূরণ করেন তিনি রোগীর খরচের উপর আয়-ভিত্তিক মূল্য ছাড় পাবেন অথবা প্রযোজ্য KP সেবাগুলোর চার্জের অংশের জন্য রোগী দায়বদ্ধ থাকবে। ফেডারেল দারিদ্র্য সীমার (FPL) নির্দেশিকা অনুসারে রোগীর পারিবারিক আয়ের মানদণ্ডের উপর ভিত্তি করে নিম্নরূপে মূল্য ছাড়ের পরিমাণ নির্ধারণ করা হয়:

| **ফেডারেল দারিদ্র্য সীমার নির্দেশিকা** | | **চিকিৎসা সংক্রান্ত সহায়তার মূল্য ছাড়** |
|---|---|---|
| **হতে** | **পর্যন্ত** | |
| 0% | 200% | 100% ছাড় |
| 201% | 400% | 50% ছাড় |

যদি আংশিক মূল্য ছাড় (100% এর কম) দেওয়া হয়, তাহলে অবশিষ্ট ব্যালেন্স সম্পূর্ণ পরিশোধ করতে হবে অথবা রোগী সুদ-মুক্ত পেমেন্ট প্ল্যান সেট আপ করার অপশন পাবেন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

| নীতিমালার শিরোনাম<br>**মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | নীতিমালার নম্বর<br>**NATL.CB.307** |
| --- | --- |
| জবাবদিহিতা সম্পর্কিত বিভাগ<br>**ন্যাশনাল কমিউনিটি হেলথ** | কার্যকর হওয়ার তারিখ<br>**জানুয়ারি 1, 2024** |
| নথির স্বত্বাধিকারী<br>**ডিরেক্টর, মেডিক্যাল ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স** | পৃষ্ঠা<br>**39 এর 38** |

**VII. সাধারণ বিলের পরিমাণ (AGB) হিসাব করার ভিত্তি।** AGB রেট দ্বারা সেবার মোট চার্জকে গুণ করে লুক ব্যাক পদ্ধতি ব্যবহার করে KFHP/H যেকোনো জরুরি বা অন্যান্য চিকিৎসাগত প্রয়োজনীয় সেবার জন্য AGB নির্ধারণ করে। AGB রেট এবং হিসাব সংক্রান্ত তথ্য KFHP/H MFA এর ওয়েবসাইট www.kp.org/mfa/ncal-এ পাওয়া যায়।

**VIII. রিফান্ড** যদি KP কোনো রোগীর সক্রিয় MFA অ্যাওয়ার্ডের মেয়াদ থাকা অবস্থায় তার কাছ থেকে ভুলবশত অর্থ সংগ্রহ করে, তাহলে সক্রিয় MFA অ্যাওয়ার্ডের আওতাভুক্ত রোগীর প্রদান করা যেকোনো পরিমাণ রিফান্ড করা হবে।

a. দেওয়ানি কার্যবিধির ধারার 685.010 অনুচ্ছেদে উল্লিখিত হারে সুদ অর্জিত হবে; হাসপাতাল কর্তৃক গৃহীত রোগী কর্তৃক অর্থ প্রদানের তারিখের শুরুতে। বর্তমান রেট 10%।

**IX. নোটিশ।**

a. **আপনার বিল পরিশোধে সহায়তা**

বিনামূল্যে সেবা প্রদানকারী ভোক্তা অ্যাডভোকেসি সংস্থা রয়েছে যারা আপনাকে বিলিং ও পেমেন্ট প্রক্রিয়া বুঝতে সাহায্য করবে। আপনি Health Consumer Alliance-এ 888-804-3536 নম্বরে কল করতে পারেন অথবা আরো তথ্যের জন্য healthconsumer.org ওয়েবসাইটে যেতে পারেন।

b. **দ্য হসপিটাল বিল কমপ্লেইন্ট প্রোগ্রাম**

হসপিটাল বিল কমপ্লেইন্ট প্রোগ্রাম একটি স্টেটের প্রোগ্রাম, যা আপনার হাসপাতালের বিল পরিশোধে সহায়তার জন্য আপনি যোগ্য কিনা সে সম্পর্কে হাসপাতালের সিদ্ধান্তগুলোকে পর্যালোচনা করে। আপনি যদি মনে করেন যে আপনাকে ভুলভাবে আর্থিক সহায়তা থেকে বঞ্চিত করা হয়েছে, তাহলে আপনি হসপিটাল বিল কমপ্লেইন্ট প্রোগ্রামে অভিযোগ জমা দিতে পারেন। আরো তথ্যের জন্য HospitalBillComplaint.hcai.ca.gov যান এবং অভিযোগ জমা দিন।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**

c. **দৃষ্টি আকর্ষণ: ভাষা সম্পর্কিত সহায়তা**

আপনার ভাষা সম্পর্কিত সহায়তা প্রয়োজন হলে অনুগ্রহ করে 1-800-464-4000 (TTY 711) নম্বরে কল করুন। ছুটির দিন ব্যতীত সপ্তাহে সাত দিন 24 ঘণ্টা সহায়তা পাওয়া যায়। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা এবং সেবাসমূহ, যেমন- ব্রেইল, বড় অক্ষরে মুদ্রণ, অডিও এবং অন্যান্য অ্যাক্সেসযোগ্য ইলেকট্রনিক ফরম্যাটেও পাওয়া যায়। এই সেবাগুলো বিনামূল্যে পাওয়া যায়।

Proprietary Information. Kaiser Permanente. All rights reserved.
Publication, duplication, disclosure or use for any purpose not expressly authorized in writing is prohibited.
**Printed copies are for reference only. Please see electronic copy for latest approved version.**